গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
অর্থ মন্ত্রণালয়
শাখা-১ (প্রশাসন)
www.ird.gov.bd

**বিষয়: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের গৃহীত কর্মসূচী বাস্তবায়নের লক্ষ্যে আয়োজিত সভার কার্যবিবরণী।**

সভাপতি : মোহাম্মদ নুরুল আবছার, অতিরিক্ত সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়;
স্থান : সম্মেলন কক্ষ, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয় ;
তারিখ : ০৫-০২-২০২০ খ্রিস্টাব্দ;
সময় : বিকাল ০৩.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা: পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে গৃহীত কর্মসূচী বাস্তবায়নের লক্ষ্যে এ বিভাগের গঠিত কমিটির এটি ২য় সভা। সভাপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপনের বিষয়ে এ বিভাগের গৃহীত কর্মসূচী বাস্তবায়নের লক্ষ্যে সকলের সুচিন্তিত মতামত কামনা করেন। অত:পর তিনি কমিটির সদস্য সচিব যুগ্মসচিব (কাস্টমস, সঞ্চয় ও স্ট্যাম্প)-কে জন্মশতবার্ষিকী উদ্‌যাপনের কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করার অনুরোধ জানান।

০২। অভ্যন্তরীণ সম্পদ বিভাগের যুগ্মসচিব (কাস্টমস, সঞ্চয় ও স্ট্যাম্প) সভাকে জানান যে মন্ত্রিপরিষদ বিভাগে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে গত ১২-০৫-২০১৯ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের আলোকে এ বিভাগের সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ০৩-০৬-২০১৯ এবং ১৯-১২-২০১৯ তারিখে ০২ টি সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য কতিপয় সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত গৃহীত সিদ্ধান্তসমূহ যথাসময়ে এবং যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে অদ্যকার সভার আয়োজন করা হয়েছে।

০৩। এ পর্যায়ে অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও এর অধীনস্থ দপ্তর/সংস্থাসমূহ কর্তৃক বাস্তবায়নযোগ্য সিদ্ধান্তসমূহের উপর সভায় উপস্থিত কর্মকর্তাগণ পর্যায়ক্রমে তাদের মতামত ব্যক্ত করেন।

০৪। সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১. | এ বিভাগের কেন্দ্রীয় বাস্তবায়ন কমিটির গত ০৩.০৬.২০১৯ এবং ১৯.১২.২০১৯ তারিখের অনুষ্ঠিত ০২ টি সভার সিদ্ধান্তসমূহ পাঠ করে শুনানো হয়। | কেন্দ্রীয় বাস্তবায়ন কমিটি ও অন্যান্য উপ-কমিটির ফলোআপ সভা যথাসময়ে করতে হবে। | অতিরিক্ত সচিব (সংসদ, অডিট, রির্পোট, ইনোভেশন এবং আইন ও নীতি) ও সংশ্লিষ্ট উপ-কমিটির প্রধানগণ অভ্যন্তরীণ সম্পদ বিভাগ। |
| ০২. | যুগ্মসচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন যে অভ্যন্তরীণ সম্পদ বিভাগে লাইব্রেরীতে ইতোমধ্যে বঙ্গবন্ধু কর্ণার স্থাপনের কাজ সম্পন্ন করা হয়েছে। বঙ্গবন্ধুর লেখা প্রতিটি বই দশ কপি এবং মুক্তিযুদ্ধের উপর প্রকাশিত বইসমূহের মধ্যে পঞ্চাশ কপি বই বঙ্গবন্ধু কর্ণারে সংরক্ষণ করা হয়েছে। | মুক্তিযুদ্ধের উপর প্রকাশিত বইসমূহের মধ্যে আরও একশত কপি বই বঙ্গবন্ধু কর্ণারে সংরক্ষণের জন্য প্রচলিত নিয়মে দ্রুততার সাথে ক্রয়পূর্বক সংরক্ষণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপসচিব (প্রশাসন) অভ্যন্তরীণ সম্পদ বিভাগ। |
| ০৩. | ২০২০ সালের ১৭ মার্চ তারিখে বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকী পালন উপলক্ষে জাতীয় ভাবে ঘোষিত কর্মসূচীর সাথে সামঞ্জস্য রেখে অভ্যন্তরীণ সম্পদ বিভাগ হতে গৃহীত কর্মসূচী যথাসময়ে সুষ্ঠুভাবে বাস্তবায়নের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | গৃহীত কর্মসূচী যথাসময়ে বাস্তবায়ন করার লক্ষ্যে প্রতিমাসে কমপক্ষে ০১ টি করে সমন্বিত সভার আয়োজন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | যুগ্মসচিব (কাস্টমস, সঞ্চয় ও স্ট্যাম্প) ও সংশ্লিষ্ট উপ-কমিটির প্রধানগণ অভ্যন্তরীণ সম্পদ বিভাগ। |

চলমান পাতা-০২

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr>
<td>০৪.</td>
<td>জাতীয় শিশু দিবস ১৭ মার্চ, ২০২০ উপলক্ষে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের কর্মকর্তা/ কর্মচারীদের সন্তানদের মধ্যে বঙ্গবন্ধুর জীবন ও কর্মের উপর রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা আয়োজন করার বিষয়ে সভায় আলোচনা হয়। উক্ত প্রতিযোগিতা সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্ত আলাদা উপ-কমিটি গঠন এবং প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের এক মাস সময় দিয়ে স্বহস্তে লিখিত রচনা আহ্বান করার বিষয়ে সভায় আলোচনা হয়।</td>
<td>ক) ১৭ মার্চ, ২০২০ তারিখে সুবিধামত সময় ও স্থানে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের কর্মকর্তা/কর্মচারীদের সন্তানদের মধ্যে বঙ্গবন্ধুর জীবন ও কর্মের উপর নিম্নোক্তভাবে রচনা প্রতিযোগিতার আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়।
<table>
<tr><th>নং</th><th>ক্যাটাগরি</th><th>বিষয়</th></tr>
<tr><td>০১.</td><td>প্রাইমারি</td><td>বঙ্গবন্ধুর ছেলে বেলা</td></tr>
<tr><td>০২.</td><td>সেকেন্ডারী</td><td>বঙ্গবন্ধুর জীবন ও কর্ম</td></tr>
<tr><td>০৩.</td><td>কলেজ/বিশ্ববিদ্যালয়</td><td>বঙ্গবন্ধুর দর্শণ ও উন্নয়ন ভাবনা</td></tr>
</table>
খ) অষ্টম শ্রেণি পর্যন্ত শিশুদের জন্য চিত্রাঙ্কন প্রতিযোগিতা নিম্নোক্তভাবে আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়।
<table>
<tr><th>নং</th><th>ক্যাটাগরি</th><th>বিষয়</th></tr>
<tr><td>০১.</td><td>শিশু শ্রেণি হতে ৪র্থ শ্রেণি</td><td rowspan="2">বঙ্গবন্ধু ও বাংলাদেশ</td></tr>
<tr><td>০২.</td><td>৫ম শ্রেণি হতে ৮ম শ্রেণি।</td></tr>
</table>
(গ) রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা সুষ্ঠুভাবে আয়োজন ও সম্পন্ন করার জন্য নিম্নবর্ণিত উপ-কমিটি গঠন করা হলো:<br>
<u>আয়োজক ও বিচারক উপ-কমিটি:</u><br>
১. জনাব মোঃ নুরুজ্জামান, যুগ্মসচিব (শুল্ক,সঞ্চয় ও স্ট্যাম্প)-আহ্বায়ক।<br>
২. জনাব সুরাইয়া পারভীন শেলী, উপসচিব, সদস্য<br>
৩. ড. মোঃ হামিদুল হক, উপসচিব, সদস্য<br>
৪. জনাব এস. এম. আব্দুল কাদের, উপসচিব, সদস্য<br>
৫. জনাব মোঃ সামীম আহসান, সহকারী সচিব, সদস্য সচিব।</td>
<td>সংশ্লিষ্ট উপ-কমিটি</td>
</tr>
</table>

চলমান পাতা-০৩

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০৫. | অভ্যন্তরীণ সম্পদ বিভাগের কর্মকর্তা/কর্মচারী সমন্বয়ে আগামী আগষ্ট, ২০২০ এর সুবিধামত সময়ে গোপালগঞ্জের টুঙ্গীপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মাজারে পুষ্পস্তবক অর্পণের বিষয়ে সভায় আলোচনা হয়। | অভ্যন্তরীণ সম্পদ বিভাগের কর্মকর্তা/কর্মচারী সমন্বয়ে আগামী আগষ্ট, ২০২০ এর সুবিধামত সময়ে টুঙ্গীপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মাজারে পুষ্পস্তবক অর্পণের বিষয়ে সর্বসম্মতি সিদ্ধান্ত গৃহীত হয়। | অতিরিক্ত সচিব (সংসদ, অডিট, রির্পোট, ইনোভেশন এবং আইন ও নীতি) অভ্যন্তরীণ সম্পদ বিভাগ। |
| ০৬. | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে এ বিভাগের সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে ০৩-০৬-২০১৯ এবং ১৯-১২-২০১৯ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী গৃহীত কার্যক্রম সর্ম্পকে এ বিভাগকে অবহিতকরণের জন্য সংশ্লিষ্ট দপ্তর/সংস্থায় পত্র প্রেরণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে এ বিভাগের সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে ০৩-০৬-২০১৯ এবং ১৯-১২-২০১৯ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী গৃহীত কার্যক্রম সর্ম্পকে এ বিভাগকে অবহিতকরণের জন্য সংশ্লিষ্ট দপ্তর/সংস্থায় পত্র প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | যুগ্মসচিব (কাস্টমস, সঞ্চয় ও স্ট্যাম্প) অভ্যন্তরীণ সম্পদ বিভাগ। |

০৫. সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

( মোহাম্মদ নুরুল আবছার ) ২৭/০২/২০২০
অতিরিক্ত সচিব
ও
সভাপতি
জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর
রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন
বাস্তবায়ন কমিটি
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
অর্থ মন্ত্রণালয়
শাখা-১ (প্রশাসন)
www.ird.gov.bd

নং-০৮.০০.০০০০.০৩৬.২৩.০০৪.২০- ৯০২/১(৭)

তারিখ: ২৮ মাঘ ১৪২৬ / ১১ ফেব্রুয়ারি ২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুলিপি:

১। অতিরিক্ত সচিব (সকল), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়;
২। যুগ্মসচিব (সকল), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়;
৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়;
৪। উপসচিব (সকল), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়;
৫। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়;
৬। ................................... অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়;
৭। অফিস কপি।

১১/২/2020

( এস. এম. আব্দুল কাদের )
উপসচিব (প্রশাসন)